গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১২৩

**নির্দিষ্ট গতিসীমার মধ্যে গাড়ি চালালে দুর্ঘটনা কমে যাবে**
**- বিভাগীয় কমিশনার**

রাজশাহী, ০৬ কার্তিক (২২ অক্টোবর):

বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেছেন, আমাদের দেশে যত গতিতেই আপনি গাড়ি চালান না কেন একটু পর পর জ্যাম হবে,মাঝে মাঝে থামতে হবে, যেভাবেই হোক আপনাকে গাড়ির গতি কমাতে হবে। তাই বেশি গতিতে গাড়ি চালালে আপনার দুর্ঘটনার সম্ভবনা বেশি থাকবেকাজেইনির্দিষ্ট গতিসীমার মধ্যে চালালে দুর্ঘটনা হওয়ার সম্ভবনা কম হবে।

আজ বুধবার (২২ অক্টোবর) সকালে রাজশাহী জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে বিআরটিএ রাজশাহী সার্কেল এবং জেলা প্রশাসনের যৌথ আয়োজনে জাতীয় সড়ক দিবস-২০২৫ উপলক্ষে সড়ক দুর্ঘটনা হ্রাসকল্পে জনসচেতনতামূলক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

বিভাগীয় কমিশনার বলেন, হেলমেট, স্পিডব্রেকার বেকার এগুলো দুর্ঘটনা রোধের একটি মাধ্যম। পাশাপাশি সড়ক নিরাপত্তা আইনগুলো আরও কঠোরভাবে প্রতিপালন করতে হবে। জনগণের সচেতনতা বৃদ্ধির মাধ্যমে এবং সকলের সহযোগিতায় দুর্ঘটনা কমিয়ে আনা সম্ভব বলে তিনি আশা প্রকাশ করেন।

এসময়রাস্তার রোড ডিভাইডার গুলোর চিহ্ন এবং সিগন্যাল ও রোড মার্কিং সঠিকভাবে চিহ্নিতকরণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

আজিম আহমেদ বলেন, এরপরও যদি কারো সড়ক দুর্ঘটনা ঘটেই যায় তাহলে বিআরটিএ এর ট্রাস্টি বোর্ডের একটা ফান্ড আছে, যেখানে কেউ অ্যাক্সিডেন্ট হয়ে মৃত্যুবরণ করলে তার পরিবারকে৫ লাখ টাকা এবং আহত হলে ১ লাখ থেকে ৩ লাখ টাকা পর্যন্ত দেওয়া হয়। দুর্ঘটনার ১ মাসের মধ্যেই অনলাইনে এই আবেদন করতে হয়। এই আবেদনের সময় বাড়িয়ে ১ বছর করার প্রচেষ্টা করা হবে বলে সবাইকে আশ্বস্ত করেন তিনি।

তিনি আরও বলেন, পদ্মা সেতু যেদিন চালু হল সেদিন মোটরসাইকেলে কে আগে যেতে পারে এই প্রতিযোগিতা শুরু হয়েছিলো। আমার কাছে মনে হলো এটা একটি মরণ প্রতিযোগিতা। সেদিনও একজন মারা গেল। কাজেই আপনারা আরও সর্তক হোন। আপনি আপনার সন্তানকে একটি মোটরসাইকেল কিনে দিলেন মানে একটি মৃত্যু সার্টিফিকেট কিনে দিলেন।

জেলা প্রশাসক আফিয়া আখতার এর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিআরটিএ রাজশাহী বিভাগের পরিচালক ইঞ্জিনিয়ার পার্কন চৌধুরী। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিভিন্ন সরকারি-বেসরকারী দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, মালিক ও শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ, শিক্ষক-শিক্ষার্থী এবং গণমাধ্যমকর্মীরা।

আলোচনা সভার পূর্বে বেলুন-ফেস্টুন উড়িয়ে দিবসটির উদ্বোধন করেন জেলা প্রশাসক আফিয়া আখতার। পরেকালেক্টরেট চত্বর হতে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়।

আলোচনা সভা শেষে ৫ জনের হাতে নিরাপদ হেলমেট তুলে দেন বিভাগীয় কমিশনার।

.......................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/হালিম/২০২৫/১৩.৩০ ঘ